



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

## বিসিএসআইআর আয়োজিত আন্তর্জাতিক কনফারেন্সে ববির গবেষণা টিমের “বেস্ট পোস্টার অ্যাওয়ার্ড” অর্জন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৪ মার্চ ২০২১খ্রিঃ

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) আয়োজিত আন্তর্জাতিক কনফারেন্সে অংশ নিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের গবেষণা টিম অর্জন করেছে “বেস্ট পোস্টার অ্যাওয়ার্ড”। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে গত ১১-১৩ মার্চ ২০২১ তারিখ বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) আয়োজনে ০৩ দিনব্যাপি "International Conference on Science and Technology for Celebrating the Birth Centenary of Bangabandhu (ICSTB-2021)" কনফারেন্স অনুষ্ঠিত হয়। কনফারেন্সে দেশ বিদেশের প্রায় ৭৫০ টি abstract কী-নোট স্পিকার, ইনভাইটেড টক, ওরাল প্রেজেন্টেশন ও পোস্টার সেশনের জন্য গৃহীত হয়। কনফারেন্সের মূল থিম ছিল "Innovation for tomorrow"। আন্তর্জাতিক এ কনফারেন্সে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ খোরশেদ আলম এর গবেষণা টিম থেকে ২ টি abstract গৃহীত হয়। যার মধ্যে একটি ড. মোঃ খোরশেদ আলম নিজে উপস্থাপন করেন এবং পোস্টারটি তাঁর থিসিস শিক্ষার্থী তৌহিদুর রহমান উপস্থাপন করেন। ১৭৫ টি পোস্টারের মধ্যে বিচারকগণ গবেষণাকর্মটির অরিজিনালিটি বিবেচনায় তিনটিকে বেস্ট অ্যাওয়ার্ড দেওয়ার জন্য নির্বাচিত করেন এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী তৌহিদুর রহমান উপস্থাপিত পোস্টারটি ২য় বেস্ট পোস্টার আওয়ার্ডের জন্য নির্বাচিত হয়। গবেষণা প্রকল্পটি Biophysics (Biomembrane related), যা ড. মোঃ খোরশেদ আলম ও টিম সদস্যগণ ছাড়াও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. আবু সায়েম কাডাল যুক্ত ছিলেন। মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, বিসিএসআইআর চেয়ারম্যান এবং কনফারেন্স চেয়ার প্রফেসর ড. আফতাব আলী শেখের কাছ থেকে গবেষণা টিমের প্রধান হিসাবে ক্রেস্ট ও সার্টিফিকেট গ্রহণ করেন ড. মোঃ খোরশেদ আলম। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন ববির গবেষণা টিমের এ সফলতার জন্য টিমকে অভিনন্দন জানিয়ে বলেন, এই প্রাপ্তি শিক্ষার্থীদের মনোবলকে আরো দৃঢ় ও আত্মবিশ্বাসী করে তুলবে এবং এ অর্জন অন্যদের অনুপ্রেরণা জোগাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস